কুষ্টিয়ায় ‘স্বপ্ন’র নতুন আউটলেট উদ্বোধনকালে মাহবুবউল আলম হানিফ

কুষ্টিয়াতে আগামীতে আরও যেন উন্নয়ন হয় এবং আরও বেশি মর্যাদা পায় তার ব্যবস্থা করবো বলে জানিয়েছেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও কুষ্টিয়া-৩ সদর আসনের সংসদ সদস্য মাহবুবউল আলম হানিফ এমপি।

তিনি বলেন, উন্নয়ন ও শান্তির কুষ্টিয়া গড়া আমার লক্ষ্য ছিল। একসময় কুষ্টিয়া সন্ত্রাসী জনপদ এলাকা ছিল। আমি সংসদ সদস্য নির্বাচিত হওয়ার পর তাদের কঠোরভাবে দমন করার চেষ্টা করেছি। তিনি বলেন, কুষ্টিয়াকে সকল দিক থেকে উন্নত ও আধুনিক জেলা হিসেবে গড়ে তুলতে চাই।

কুষ্টিয়ার উন্নয়নে আমি তৃপ্ত নয় উল্লেখ করে তিনি বলেন, দেশের কাজ করছি, কুষ্টিয়ার জন্য কাজ করছি। আমি আরও বেশি বেশি এই কুষ্টিয়া উন্নয়নের কাজ করতে চাই। কুষ্টিয়ার উন্নয়নে অতীতে যেভাবে কাজ করেছি, নির্বাচিত হলে ইনশাআল্লাহ এই এলাকার উন্নয়নে যা যা প্রয়োজন তা করবো- এই প্রতিশ্রুতি দিচ্ছি বলেও জানান তিনি।

গতকাল সোমবার সন্ধ্যায় দেশের অন্যতম রিটেইল চেইন শপ ‘স্বপ্ন’র নতুন আউটলেট উদ্বোধন উপলক্ষে কুষ্টিয়া শহরের কাটাইখানা মোড়ের ব্যবসায়ীদের সাথে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

হানিফ বলেন, জেলার মানুষের দীর্ঘদিনের স্বপ্ন ছিল কুষ্টিয়া মেডিকেল কলেজ, বাইপাস সড়ক। আমি সংসদ সদস্য নির্বাচিত হওয়ার পর ফার্স্ট প্রায়োরিটি দিয়ে এসব কাজ করেছি। কুষ্টিয়ায় মেডিকেল কলেজ, বাইপাস সড়ক, শেখ রাসেল সেতু হয়েছে। স্টেডিয়ামের কাজ শেষ পর্যায়ে আছে। আরো অনেক কাজ করেছি। এরপরও আরো কাজ বাকি, এখনও করতে পারিনি। তিনি আরও বলেন, আজ ‘স্বপ্ন’র আউটলেট উদ্বোধনের মধ্য দিয়ে এই কুষ্টিয়াবাসীর স্বপ্ন পুরন হলো। আগামীতে আরও যেন উন্নয়ন হয় এবং এ ধরনের স্বপ্নের মতো এই কুষ্টিয়ায় আরও বড় বড় কোম্পানীর আউটলেট/ডিপার্টমেন্টাল ষ্টোর এগিয়ে আসলে এ জেলার মান মর্যাদা বৃদ্ধি পাবে।

দেশের চলমান উন্নয়ন অব্যাহত রাখতে নৌকায় ভোট দেওয়ার আহবান জানিয়ে হানিফ আরও বলেন, দেশের উন্নয়ন অব্যাহত রাখতে আওয়ামী লীগের নৌকার বিকল্প নেই। তাই দল-মত নির্বিশেষে ৭ জানুয়ারির নির্বাচনে নৌকায় ভোট দিন।

পরে তিনি ফিতা কেটে দেশের অন্যতম রিটেইল চেইন শপ ‘স্বপ্ন’র নতুন আউটলেট উদ্বোধন করেন।

রিটেইল চেইন শপ ‘স্বপ্ন’র নতুন আউটলেট এর ফ্র্যাঞ্চাইজি এবং জেলা আওয়ামীলীগের কোষাধ্যক্ষ অজয় সুরেকার সভাপতিত্বে এসময় বক্তব্য রাখেন কুষ্টিয়া জেলা আওয়ামী লীগের সভাপতি ও জেলা পরিষদের চেয়ারম্যান আলহাজ্ব সদর উদ্দিন খান, সাধারণ সম্পাদক আজগর আলী, যুগ্ম সাধারণ সম্পাদক শেখ হাসান মেহেদী, সাংগঠনিক সম্পাদক মাজহারুল আলম সুমন, কুষ্টিয়া প্রেসক্লাব (কেপিসি)’র সভাপতি রাশেদুল ইসলাম বিপ্লব, বাংলাদেশ ছাত্র লীগের সহ-সভাপতি বাধন, বিশিষ্ট ব্যবসায়ী বিশ্বনাথ সাহা বিশু, স্বপ্নের জোনাল ম্যানেজার রাসেল আল মামুন, ম্যানেজার সাব্বির হোসেনসহ আওয়ামীলীগ নেতৃবৃন্দ ও ব্যবসায়ী নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

রিটেইল চেইন শপ ‘স্বপ্ন’র নতুন আউটলেট এর ফ্র্যাঞ্চাইজি এবং জেলা আওয়ামীলীগের কোষাধ্যক্ষ অজয় সুরেকা জানান, ‘আমরা আশা করছি স্বাস্থ্যসম্মত এবং নিরাপদ পরিবেশে এখানের সব গ্রাহক স্বপ্নতে নিয়মিত বাজার করবেন। গ্রাহকের চাহিদা ও সন্তুষ্টিকে সবসময় অগ্রাধিকার দেয় স্বপ্ন।’